



জাগরণ

হে ধরিত্রী মা তুমি জাগো-
 জাগ তুমি উচ্ছাসে।
 তুমি জাগলে উদ্যম পাবে-
 তোমার তরুণ দল।
 তাই তুমি জাগো
 তুমি জেগে উঠো নিজ প্রয়াসে-
 উৎসাহিত, উদ্দীপিত করো
 তরুণদের মন।
 জেগে তুলো তরুণদের
 আত্ম-বিশ্বাস;
 দূর করো তাদের মনের সংশয়।
 এগিয়ে নিয়ে যাও নব দিগন্তের পথে-
 উদ্ভাসিত সূর্যের দিকে।
 তাই তুমি জাগো-
 নিজ উচ্ছাসে, নিজ প্রয়াসে, নব রূপে।
 --- দীপালোক ভট্টাচার্য্য